

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৪

অমরপুর, ২৫ জুন, ২০২৪

**মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি
অমরপুর ব্লকে ৬০ জন প্রাণীপালক উপকৃত**

মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে অমরপুর ব্লকে ৬০ জন ও অমরপুর নগর পঞ্চায়েত এলাকার ৪০ জন প্রাণীপালক উপকৃত হয়েছেন। এই প্রকল্পে সুবিধাভোগীদের ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। তাছাড়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের রাজ্য পরিকল্পনায় অমরপুর ব্লকে ৪০০ জন, অমরপুর নগর পঞ্চায়েত এলাকার ৭৫ জন ও অম্পি ব্লকের ৩২৫ জন প্রাণীপালককে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। এই কর্মসূচিতে সুবিধাভোগী প্রাণীপালকদের ১০টি করে মোরগ ও মোরগ পালনে সহায়ক সামগ্রী দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ১০ লক্ষ ৪০ হাজার টাকা। অমরপুর মহকুমা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের উপঅধিকর্তা গৌতম রুদ্রপাল এ সংবাদ জানান।
